# Times Today BD

দেওয়ান গিয়াস উদ্দিন | সিলেট | 07 April, 2025

বিশ্বব্যাপী ফিলিস্তিনের মানুষের পক্ষে হরতাল ও কর্মবিরতি সমর্থনে সুনামগঞ্জের বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

সোমবার যোহরের নামাজ শেষে ইমাম মোয়াজ্জিন পরিষদের উদ্যোগে সুনামগঞ্জ আলফাত উদ্দিন স্কয়ারে  সর্বস্তরের মানুষ অংশ নেয়।

ইমাম মুয়াজ্জিন পরিষদ সুনামগঞ্জের সভাপতি মাওলানা আবু সাঈদের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক মাওলানা আব্দুর রকিব বিশ্বম্ভরপুরী ও হাফিজ মাওলানা ত্বাহা হোসাইনের যৌথ পরিচালনায় অনুষ্ঠিত সমাবেশে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জামেয়া মাদানিয়া সুনামগঞ্জের মুহতামিম শায়খ মাওলানা আব্দুল বছীর।বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন আয়শা সিদ্দিকা মহিলা মাদ্রাসার মুহতামিম শায়খ মাওলানা আনোয়ার হোসাইন, বিশিষ্ট রাজনীতিবিদ মাওলানা তাফাজ্জুল হক আজিজ, বিশিষ্ট রাজনীতিবিদ মাওলানা ইমাম উদ্দিন, মুফতি আব্দুল হক আহমদি, মাওলানা মুজিবুর রহমান, মাওলানা তৈয়্যিবুর রহমান চৌধুরী,  মাওলানা কামরুজ্জামান হাকিমী প্রমুখ।

এসময় বক্তারা ইসরায়েলী পণ্য বর্জন করার আহ্বান জানিয়ে  বলেন, অতি দ্রুত বিশ্বের সকল মুসলিম দেশ এক হয়ে গাঁজার পক্ষে দাঁড়িয়ে ইসরায়েলের সকল হামলা প্রতিহত করার।

এর আগে সকাল থেকে দুপুর দুইটা পর্যন্ত হরতালের অংশ হিসেবে দোকানপাট বন্ধ রাখা হয়েছে।

গাজা ফিলিস্তিন ইসরায়েল হামাস নিউ ইয়র্ক জাতিসংঘ ডোনাল্ড ট্রাম্প বিশ্ব সংবাদ ইসরাইল ফিলিস্তিন যুদ্ধ,ইরান-ইসরায়েল উত্তেজনা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 07:20

URL: https://www.timestodaybd.com/sylhet/775807440